



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/০১

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৩ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


৬৪৬ তম কমিশন সভা অদ্য ০৩/০৬/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর খসড়ার উপর জনমত জরিপে প্রাপ্ত মতামত/পরামর্শ পর্যালোচনা করে সংশোধন/পরিবর্তন/পরিমার্জনপূর্বক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা অতি শীঘ্রই বাংলাদেশ গেজেট -এ প্রকাশ করা হবে।

২. এছাড়াও আজকের সভায় কমিশন

ক) খসড়া কর্পোরেট গভর্নেন্স কোড এর উপর জনমত জরিপে প্রাপ্ত মতামত/পরামর্শ পর্যালোচনা করে সংশোধন/পরিবর্তন/পরিমার্জনপূর্বক কর্পোরেট গভর্নেন্স কোড এর চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা অতি শীঘ্রই বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হবে; এবং

খ) খসড়া কর্পোরেট গভর্নেন্স কোড এর Financial Reporting and Disclosures অংশটি উক্ত কোড এ অন্তর্ভুক্ত করার পরিবর্তে, উল্লিখিত অংশের শর্তসমূহ জনমত জরিপে প্রাপ্ত মতামত/পরামর্শ পর্যালোচনা পূর্বক সংশোধিত আকারে অন্তর্ভুক্ত করে একটি পৃথক Notification জারি করার চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে।


০৩/০৬/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।